তারিখ ..20 SEP 2016...
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# কারিগরির ২৮৭ শিক্ষক ১৫ মাস বেতন পাচ্ছেন না

■ বরিশাল ব্যুরো

কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্কিল ডেভেলপমেন্ট প্রকল্পের (এসডিপি) আওতায় নিয়োগ পাওয়া বরিশালসহ সারাদেশের ২৮৭ শিক্ষক প্রায় ১৫ মাস ধরে বেতন পাচ্ছেন না। ওই ২৮৭ শিক্ষকের মধ্যে বরিশাল অঞ্চলে আছেন ২৫ জন। পরিবার-পরিজন নিয়ে ওই শিক্ষকরা মহাদুর্ভোগে আছেন।

সংশ্লিষ্ট একাধিক শিক্ষক জানিয়েছেন, স্কিল ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় দেশের ৬৪ জেলার সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজগুলোতে ৫ জন করে মোট ২৮৭ জন ইন্সট্রাক্টর ও জুনিয়র ইন্সট্রাক্টর নিয়োগ দেওয়া হয়। ২০১৫ ■ পৃষ্ঠা ১১ : কলাম ৬

## কারিগরির ২৮৭

[শেষ পৃষ্ঠার পর]

সালের ৩০ জুন এ প্রকল্পের মেয়াদ শেষ হয়। মেয়াদ শেষের পরপরই বন্ধ হয়ে যায় ওই ২৮৭ শিক্ষকের বেতন-ভাতা। শিক্ষকদের দাবি, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের মৌখিক নির্দেশে তারা নিজ নিজ কর্মস্থলে পাঠদান কার্যক্রম অব্যাহত রেখেছেন। পাশাপাশি চাকরি স্থায়ীকরণসহ বেতন-ভাতা পাওয়ার দাবি জানিয়ে প্রধানমন্ত্রী এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরে আবেদন জানিয়েছেন। এসডিপি প্রকল্পের শিক্ষক ফোরামের সভাপতি মো. শামসুদ্দিন বলেন, এ প্রকল্পের শিক্ষকদের নিরলস প্রচেষ্টায় দেশে কারিগরি শিক্ষার মানে যথেষ্ট উন্নতি এসেছে। তাই তাদের যৌক্তিক দাবি মেনে নেওয়া উচিত। বরিশাল টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. সেলিম মৃধা জানান, অস্থায়ীভাবে নিয়োগ পাওয়া ২৮৭ শিক্ষক বেতন-ভাতা না পেয়েও পাঠদান করছেন। তাদের ব্যাপারে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সদয় সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন।